

# অর্জনসমূহ

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকায় ১০ এপ্রিল, ২০১০খ্রিঃ তারিখ হতে অদ্যবধি বাংলাদেশের নাগরিকদের পাসপোর্ট সেবা প্রদান করে আসছে। বিগত তিন বছরে প্রায় ৩,৪৫,৫০০ টি (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) ই-পাসপোর্ট প্রদান করা হয়েছে। বর্তমানে এই বিভাগের আওতাধীন বাইশটি আঞ্চলিক পাসপোর্ট অফিসের মধ্যে ষোলটি আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবন নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারস্বরূপ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা ও এর আওতাধীন সকল আঞ্চলিক কার্যালয়সমূহে বহুল প্রতিক্ষীত ই-পাসপোর্ট চালু হয়েছে। ঢাকায় বসবাসরত নাগরিকদের সুবিধার্থে ঢাকা পশ্চিম (মোহাম্মদপুর) ও ঢাকা পূর্ব (আফতাবনগর) ২ (দুই)-টি নতুন পাসপোর্ট অফিস সৃজন করা হয়েছে।